গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

**তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির জুন, ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুল ইসলাম এনডিসি<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ, রংপুর। |
| সভার তারিখ | : | ২৩ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ। |
| সময় | : | বেলা ১২:৩০ টা। |
| স্থান | : | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত স্ব স্ব দপ্তরের নবযোগদানকৃত কর্মকর্তাগণ পরিচয় প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী কমিশনার (সদস্য সচিব), সাধারণ শাখা, সভার কার্যবিবরণীর আলোকে কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** | গত সভার কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর বিভাগ। |
| ০২ | **তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ:**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এর বিধি-বিধান সম্পর্কে বিভিন্ন সভা সেমিনারে আলোচনা ও জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(২) তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটির কার্যক্রম তদারকি করতে হবে। | ১. জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর।<br><br>২. পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, রংপুর। |
| ০৩ | **তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত বিভাগীয় কমিটির কার্যপরিধি পর্যালোচনা:** তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত প্রজ্ঞাপনের কার্যপরিধি অনুযায়ী জেলা ও উপজেলা পর্যায়ে প্রতি ০২ (দুই) মাসে এক বার সভায় মিলিত হওয়ার নির্দেশনা রয়েছে। নিয়মিত জেলা ও উপজেলা কমিটির সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য জেলা প্রশাসকগণকে সভায় অনুরোধ জানানো হয়। বিভাগের সকল জেলা হতে কার্যবিবরণী পাওয়া গেছে। | (১) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত প্রজ্ঞাপন অনুসারে জেলা ও উপজেলা কমিটির সভা প্রতি ০২ (দুই) মাসে একবার আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর। |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০৪</td><td>ওয়েব পোর্টাল হালনাগাদকরণ:<br>সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা হয়।<br>স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে মর্মে ওয়েবসাইট পর্যবেক্ষণে দেখা যায়:
<table>
<tr><th>জেলার নাম</th><th>হালনাগাদের তারিখ</th></tr>
<tr><td>রংপুর</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
<tr><td>কুড়িগ্রাম</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
<tr><td>নীলফামারী</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
<tr><td>দিনাজপুর</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>১৮/০৬/২০২৬</td></tr>
</table>
সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাদের আওতাধীন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ ও মনিটরিং করার জন্য বিশেষ করে উপজেলা পর্যায়ের অন্যান্য দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ না থাকলে হালনাগাদকরনের লিখিত নির্দেশনা প্রদানের অনুরোধ করেন।</td><td>(১) সকল সরকারি দপ্তরসমূহের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
<tr><td>০৫</td><td>সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন সংক্রান্ত:<br>সভাপতি যে সকল সরকারি অফিসে সেবা প্রদান প্রতিশ্রুতি এখনও প্রণয়ন ও দৃশ্যমান করা হয়নি, সে সকল অফিসে তা দ্রুত প্রণয়ন করে দৃশ্যমান করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন। বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান ও হালনাগাদ রাখার জন্য অনুরোধ জানানো হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবপোর্টালের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করা হয় মর্মে সংশ্লিষ্ট বিভাগীয় কমিটির সদস্যগণ জানিয়েছেন। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবপোর্টালের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করা হয় মর্মে সংশ্লিষ্ট বিভাগীয় কমিটির সদস্যগণ জানিয়েছেন।
<table>
<tr><th>জেলার নাম</th><th>হালনাগাদের তারিখ</th></tr>
<tr><td>রংপুর</td><td>১৩/০৫/২০২৬</td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>১০/০৫/২০২৬</td></tr>
<tr><td>কুড়িগ্রাম</td><td>২১/০৭/২০২৫</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>০১/০৪/২০২৬</td></tr>
<tr><td>নীলফামারী</td><td>২৫/০২/২০২৫</td></tr>
<tr><td>দিনাজপুর</td><td>২০/০৭/২০২৫</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>০১/০৪/২০২৬</td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>২৭/০৭/২০২৫</td></tr>
</table>
সিটিজেন চার্টার হালনাগাদ করছেন মর্মে ওয়েবসাইট পর্যবেক্ষণে দেখা যায়।</td><td>(১) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েব-পোর্টালের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। স্ব স্ব দপ্তরে দৃশ্যমান করতে হবে।<br><br>(২) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী জনগণের কাঙ্খিতসেবা নিশ্চিত করতে হবে।</td><td>(১-২) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সকল সদস্য।</td></tr>
</table>

<table>
<tr>
<td>০৬</td>
<td>ওয়েব পোর্টালে আশ্রয়ণ প্রকল্পের আলাদাভাবে সেবাবক্স তৈরি: বিভাগের প্রত্যেক জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবপোর্টালে আলাদাভাবে আশ্রয়ণ প্রকল্পের সেবাবক্স তৈরির বিষয়ে সভায় আলোচনা করা হয়। স্ব স্ব জেলা ওয়েব পোর্টালে আলাদাভাবে সেবাবক্স তৈরি করে আশ্রয়শ প্রকল্পের তথ্য নিয়মিত আপলোড করা হচ্ছে মর্মে জেলা প্রশাসকগণ জানিয়েছেন।<br><br>
<table>
<tr><th>জেলার নাম</th><th>ওয়েব পোর্টালে আলাদাভাবে সেবাবক্স তৈরি করে আশ্রয়ণ প্রকল্প</th></tr>
<tr><td>রংপুর</td><td>আছে</td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>আছে</td></tr>
<tr><td>কুড়িগ্রাম</td><td>আছে</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>আছে</td></tr>
<tr><td>নীলফামারী</td><td>আছে</td></tr>
<tr><td>দিনাজপুর</td><td>আছে</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>আছে</td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>আছে</td></tr>
</table>
<br>ওয়েব পোর্টাল হালনাগাদ করছেন মর্মে ওয়েবসাইট পর্যবেক্ষণে দেখা যায়।</td>
<td>জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েব পোর্টালে আশ্রয়ণ প্রকল্পের আলাদাভাবে সেবাবক্স তৈরি করে সকল তথ্য নিয়মিত আপলোড করতে হবে।</td>
<td>জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ, রংপুর</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ: তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় সকল সরকারি দপ্তরে নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েব লিংকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করা এবং আরটিআই কর্মকর্তার সংখ্যা নির্ধারিত ছকে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।</td>
<td>(১) তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় সকল সরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েব লিংক www.infocom.gov.bd মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।<br><br>(২) আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা নির্ধারিত ছক মোতাবেক প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td>
<td>তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সদস্যবৃন্দ।</td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td>তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি সংক্রান্ত: তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন প্রয়োজনে শুনানি অন্তে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>(১) তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন আইনের আলোকে দ্রুত নিষ্পত্তি করতে হবে। প্রয়োজনে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে শুনানি গ্রহণ করতে হবে।<br><br>(২) তথ্য অধিকার আইনে প্রাপ্ত আবেদন প্রতিমাসের প্রাপ্ত নিষ্পত্তি সংক্রান্ত তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। কোন মাসে আবেদন পাওয়া না গেলেও শূন্য প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।</td>
<td>তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সদস্যবৃন্দ।</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০৯</td><td>তথ্য বিমুক্তকরণ গাইডলাইন:<br>স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রকাশের বিধান থাকায় যে যে তথ্য প্রকাশযোগ্য, তা ওয়েবপোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত বিভাগীয় কমিটির সদস্যদের দপ্তরের ওয়েব পোর্টালে স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রকাশ করা হয়েছে কিনা তা যাচাই করে সভায় উপস্থাপন করা হয়।</td><td>তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারা মোতাবেক স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>
<table>
<tr><th>জেলার নাম</th><th>স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সেবা বক্সে প্রকাশ</th></tr>
<tr><td>রংপুর</td><td>আছে</td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>আছে</td></tr>
<tr><td>কুড়িগ্রাম</td><td>আছে</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>আছে</td></tr>
<tr><td>নীলফামারী</td><td>নেই</td></tr>
<tr><td>দিনাজপুর</td><td>নেই</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>আছে</td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>আছে</td></tr>
</table></td><td>তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সদস্যবৃন্দ।</td></tr>
<tr><td>১০</td><td>বিবিধ আলোচনা:<br>সভার কার্যবিবরণীর আলোকে বিভাগের সকল জেলা হতে সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে পাওয়া গেছে।</td><td>তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণীর আলোকে অগ্রগতির প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সদস্যবৃন্দ।</td></tr>
</table>

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: শহিদুল ইসলাম এনডিসি
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর
ফোন: ০২৫৮৮৮১২০০১
ই :মেইল-divcomrangpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.০০০০.০০৫.১২.০০১.২১- ২৭০

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপ মহাপুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ, রংপুর।
২। পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
৬। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর।
৭। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, রংপুর।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর জোন, রংপুর।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, দিনাজপুর সার্কেল, দিনাজপুর।
১০। অধ্যক্ষ, রংপুর সরকারি কলেজ, রংপুর।
১১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
১২। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রংপুর।
১৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর।
১৪। পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর।
১৫। উপপরিচালক, মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর।
১৬। অ্যাডভোকেট, জনাব মাহফুজ উন নবী ডন, সদস্য সচিব, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি, রংপুর মহানগর কমিটি, রংপুর।
১৭। জনাব ইমরান আহমেদ, (কারমাইকেল কলেজ) ছাত্র প্রতিনিধি, রংপুর জেলা, রংপুর।
১৮। জনাব সালেকুজ্জামান সালেক, রংপুর ব্যুরো প্রধান, দৈনিক দিনকাল, রংপুর।
১৯। অ্যাডভোকেট, জনাব একরামুল হক, জিপি।
২০। ড. মোহাম্মদ শহিদ-উজ-জামান, নির্বাহী পরিচালক, ইএসডিও, ঠাকুরগাঁও।
২১। বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রংপুর।
২২। প্রজেক্ট কো-অর্ডিনেটর, আরডিআরএস, রংপুর।
২৩। অ্যাডভোকেট জনাব রেজেকা সুলতানা ফেন্সি, বাসা ৩৫/১, রোড-১,কেরানী পাড়া, রংপুর।
২৪। জনাব আরজানা সালেক, সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়াবাদী মহিলা দল, রংপুর মহানগর কমিটি, রংপুর।
২৫। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর (সভার কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
২৬। অফিস কপি।

০৫.০৭.২৬
মো: নাজমুস সাদাত রত্ন
সিনিয়র সহকারী কমিশনার
ফোন : ০২৫৮৮৮১২০০৭